**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date : 20.05.2026** **Desk in Charge : Kalyan Laha**

**Time: 1-40 PM** **Edit &Compile : Indranil M./ N.B.R.**

**DEO : KB** **NRT : Namami B.R.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>

১/ মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণের পর প্রথমবার উত্তরবঙ্গ সফরে গিয়ে শুভেন্দু অধিকারী, সেখানকার মানুষের স্বপ্ন পূরণের আশ্বাস দিয়েছেন।

২/ দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামীকাল পুনর্নির্বাচন। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। ইতোমধ্যেই ভোট কর্মীরা কেন্দ্রে পৌঁছতে শুরু করেছেন।

৩/ রাজ্য সরকার, অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল, গভর্নমেন্ট প্লিডার, পাবলিক প্রসিকিউটর, সিনিয়র স্ট্যান্ডিং কাউন্সেল এবং অ্যাডভোকেট অন রেকর্ড পদে নতুন আইনবিদদের নিয়োগ করেছে।

৪/ জরায়ুমুখের ক্যানসার রোধে রাজ্যে HPV টিকাকরণ কর্মসূচি খুব শীঘ্রই শুরু হতে চলেছে।

৫/ দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে দু-এক জায়গায় বৃষ্টির সম্ভাবনা থাকলেও, অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

৬/ ইডেনে আজ IPL ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স-এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

**********************************************************************

মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণের পর প্রথমবার উত্তরবঙ্গ সফরে গিয়ে শুভেন্দু অধিকারী, সেখানকার মানুষের স্বপ্ন পূরণের আশ্বাস দিয়েছেন।

আজ সকালে বাগডোগড়া পৌঁছে সড়ক পথে উত্তরকন্যার প্রশাসনিক বৈঠকে যোগ দেন তিনি। এর আগে মাল্লাগুড়িতে শ্রী অধিকারী, দলীয় কার্যালয়ে যান। মুখ্যমন্ত্রী বলেন, গত দু সপ্তাহে রাজ্যের মানুষ একাধিক পরিবর্তনের সাক্ষী হয়েছেন। কোনোরকম মাফিয়া বা সিন্ডিকেট রাজ এবং কাটমানি নেওয়ার প্রবণতা থাকবে না বলে স্পষ্ট জানিয়ে দেন তিনি। পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকার, পাহাড়ের জনজাতিগুলির মধ্যে বিভাজন সৃষ্টি করে, তাঁদের অপমানিত করেছে বলে তাঁর অভিযোগ। GTA নিয়ে দুর্নীতি'ও, সঠিক সময়ে ফাঁস করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

( বাইট- শুভেন্দু )

এর আগে বাগডোগড়া বিমান বন্দরে নেমে, শ্রী অধিকারী উন্নয়ন ছাড়াও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সরব হন। আইন যে আইনের পথেই চলবে, আজ আবারো স্পষ্ট করে দিয়েছেন তিনি।

উল্লেখ্য, আজকের প্রশাসনিক বৈঠকে আলিপুরদুয়ার, কালিম্পং, দার্জিলিং, কোচবিহারের জেলা শাসক, পুলিশ সুপার ছাড়াও নবনির্বাচিত বিধায়কদের উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। আজই মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা। বিকেলে তিনি BSF-কে জমি হস্তান্তর করা নিয়ে নবান্নে একটি বৈঠক করবেন।

**আগামীকাল** তাঁর পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে, পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং দুই বর্ধমানের প্রশাসনিক আধিকারিক ও বিধায়কদের সঙ্গে একটি বৈঠকের কর্মসূচি রয়েছে।

*************************

দক্ষিণ চব্বিশ পরগনার ফলতা বিধানসভা কেন্দ্রে আগামীকাল পুনর্নির্বাচন। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন। ইতোমধ্যেই ভোট কর্মীরা কেন্দ্রে পৌঁছতে শুরু করেছেন।

সকাল সাতটা থেকে ভোট গ্রহণ করা হবে সন্ধ্যে ছটা পর্যন্ত। ওই কেন্দ্রে দু'লক্ষ ৩৬ হাজার ৪৪৪ জন ভোটদাতা রয়েছেন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, গোটা কেন্দ্রে কড়া নিরাপত্তা ও নজরদারির ব্যবস্থা করা হয়েছে। ৩৫ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পাশাপাশি, দ্রুত পরিস্থিতি মোকাবিলায় রাখা হয়েছে ৩৫টি কুইক রেসপন্স টিম।

উল্লেখ্য, গত ২৯শে এপ্রিল রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনে ফলতায় ভোট নেওয়া হলেও একাধিক কারচুপির অভিযোগ আসে। বিজেপির প্রতীক চিহ্নে সেলোটেপ লাগিয়ে দেওয়ার অভিযোগ প্রকাশ্যে আসতেই, তা বাতিল ক'রে ফের ভোট নেওয়ার কথা ঘোষণা করে নির্বাচন কমিশন। গণনা ২৪শে মে।

এর আগে গতকাল, ওই কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জাহাঙ্গির খান প্রতিদ্বন্দ্বিতা থেকে নিজেকে সরিয়ে নেওয়ার কথা জানিয়েছেন। তাঁর বক্তব্য, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ফলতার উন্নয়নে যে উদ্যোগ নিয়েছেন, তাকে সার্থক করতেই এই সিদ্ধান্ত।

এদিকে, জাহাঙ্গির খানের এই সিদ্ধান্ত তার নিজস্ব এবং এক্ষেত্রে দলের কোন ভূমিকা নেই বলে, তৃণমূল কংগ্রেস এক বিবৃতিতে জানিয়েছে।

************************

রাজ্যের মহিলাদের জন্য 'অন্নপূর্ণা যোজনা' প্রকল্পের সরকারি বিজ্ঞপ্তি জারি করল পশ্চিমবঙ্গ সরকার। নারী ও শিশু উন্নয়ন এবং সমাজকল্যাণ দফতরের প্রকাশিত নির্দেশিকায় জানানো হয়েছে, আগামী পয়লা জুন থেকে রাজ্যের মহিলাদের প্রতি মাসে ৩ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। মহিলাদের আর্থিক ক্ষমতায়ন এবং সামাজিক উন্নয়নের লক্ষ্যেই এই প্রকল্প চালু করা হচ্ছে বলে উল্লেখ করা হয়েছে।

বিজ্ঞপ্তি অনুযায়ী, ২৫ থেকে ৬০ বছর বয়সী মহিলারাই এই প্রকল্পের সুবিধা পাবেন। তবে আবেদনকারী কোনও স্থায়ী সরকারি চাকরিতে থাকতে পারবেন না এবং কেন্দ্র বা রাজ্য সরকারের অধীন কোনও দফতর, সরকারি সংস্থা, পঞ্চায়েত, পুরসভা বা সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত হলে এই সুবিধা মিলবে না। পাশাপাশি আয়করদাতা মহিলারাও এই প্রকল্পের আওতার বাইরে থাকবেন।

সরকারি নির্দেশিকায় আরও জানানো হয়েছে, প্রকল্পের টাকা সরাসরি উপভোক্তার আধার-সংযুক্ত ব্যাঙ্ক অ্যাকাউন্টে ডিরেক্ট বেনিফিট ট্রান্সফারের মাধ্যমে পাঠানো হবে।

নতুন আবেদনকারীদের জন্য আগামী ১৫ জুন থেকে 'অন্নপূর্ণা যোজনা পোর্টাল' চালু হবে।

************************

রাজ্য সরকার কলকাতা হাইকোর্টের নির্দেশ মেনে রাজ্যে OBC সংরক্ষণ সংক্রান্ত নীতি বদল করেছে। অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতরের প্রকাশিত নির্দেশিকায় জানানো হয়েছে, রাজ্যের OBC তালিকায় থাকা ৬৬টি শ্রেণিকে ৭ শতাংশ সংরক্ষণের আওতায় রাখা হবে। হাইকোর্টের ডিভিশন বেঞ্চের ২২শে মে ২০২৪ সালের রায়ের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে।

************************

রাজ্য সরকার, অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল, গভর্নমেন্ট প্লিডার, পাবলিক প্রসিকিউটর, সিনিয়র স্ট্যান্ডিং কাউন্সেল এবং অ্যাডভোকেট অন রেকর্ড পদে নতুন আইনবিদদের নিয়োগ করেছে। রাজ্যের আইন দফতরের তরফে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে সংশ্লিষ্ট পদগুলিতে আগে থেকে জারি থাকা সমস্ত নিয়োগ বাতিল করে নতুন এই নিয়োগ করা হয়েছে। রাজদীপ মজুমদার-কে কলকাতা হাইকোর্টের নতুন অ্যাডিশনাল অ্যাডভোকেট জেনারেল, দিব্যেন্দ্র নারায়ণ রায়কে গভর্নমেন্ট প্লিডার এবং নীলাঞ্জন ভট্টাচার্যকে সিনিয়র স্ট্যান্ডিং কাউন্সেল পদে দায়িত্ব দেওয়া হয়েছে।
অন্যদিকে এক পৃথক নির্দেশিকায় কল্লোল মণ্ডলকে কলকাতা হাইকোর্টের পাবলিক প্রসিকিউটর এবং ডক্টর নন্দগোপাল খৈতানকে অ্যাডভোকেট অন রেকর্ড (অরিজিনাল সাইড) হিসেবে নিয়োগের কথা ঘোষণা করা হয়েছে। অবিলম্বে এই নির্দেশ কার্যকর হবে।

উল্লেখ্য, রাজনৈতিক ও প্রশাসনিক মহলের একাংশের মতে, রাজ্যে সরকার পরিবর্তনের পর আইনি পরিকাঠামো ও আদালত সংক্রান্ত প্রতিনিধিত্বে বড়সড় রদবদলের অংশ হিসেবেই এই নিয়োগগুলি করা হল। বিশেষ করে কলকাতা হাইকোর্টে সরকারের পক্ষে গুরুত্বপূর্ণ মামলাগুলি পরিচালনার ক্ষেত্রে এই নতুন আইন আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে চলেছে বলে মনে করা হচ্ছে।

************************

**আজকের প্রসঙ্গে, কবি পক্ষে শুনবেন একটি আলোচনা - "বাংলা চলচ্চিত্রে রবীন্দ্রনাথ ও তাঁর গান।" চিত্র পরিচালক অশোক বিশ্বনাথনের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা এবং সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।**

************************

জরায়ুমুখের ক্যানসার রোধে রাজ্যে HPV টিকাকরণ কর্মসূচি খুব শীঘ্রই শুরু হতে চলেছে। ১৪ বছর বয়সী কিশোরীদের এই টিকা দেওয়া হবে বলে স্বাস্থ্য দফতরের তরফে নির্দেশিকা জারি করা হয়েছে। রাজ্যের সমস্ত জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক, কলকাতা পুরসভা এবং সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্তাদের কাছে ইতিমধ্যেই এই সংক্রান্ত নির্দেশ পাঠানো হয়েছে।
স্বাস্থ্য দফতরের বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, অধিকাংশ ক্ষেত্রে হিউম্যান প্যাপিলোমা ভাইরাস বা এইচপিভি সংক্রমণের কারণে হওয়া জরায়ুমুখের ক্যানসার প্রতিরোধে এই টিকাই সবচেয়ে কার্যকর উপায়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গত ২৮ ফেব্রুয়ারি রাজস্থানের আজমেরে জাতীয় স্তরে এই কর্মসূচির সূচনা করেছিলেন। তার পর থেকেই বিভিন্ন রাজ্যে ধাপে ধাপে HPV টিকাকরণ শুরু হয়েছে। পশ্চিমবঙ্গেও এবার তা চালু হতে চলেছে।
সরকারি নির্দেশিকা অনুযায়ী, ১৪ বছর বয়সী সমস্ত কিশোরীকে এক ডোজ করে 'গার্ডাসিল-4' টিকা দেওয়া হবে। শুধুমাত্র সরকারি স্বাস্থ্যকেন্দ্রগুলিতেই এই টিকাকরণ হবে। যেসব স্বাস্থ্যকেন্দ্রে কোল্ড চেন ব্যবস্থা, নির্দিষ্ট মেডিক্যাল অফিসার, ইন্টারনেট সংযোগ এবং কম্পিউটার ব্যবস্থা রয়েছে, সেখানেই এই পরিষেবা মিলবে। টিকাকরণ শুরুর আগে প্রত্যেক উপভোক্তার নাম 'ইউ-উইন' পোর্টালে নথিভুক্ত করা বাধ্যতামূলক করা হয়েছে। অভিভাবকের সম্মতিও নিতে হবে।

************************

**পরিষেবা উন্নয়নে স্বাস্থ্য দপ্তর এক মাস আগে থেকে ডিউটি রোস্টার আগাম স্বাস্থ্য ভবনে পাঠানোর নির্দেশ দিয়েছে। চিকিৎসক, স্বাস্থ্যকর্মীরা হাসপাতালে কে, কখন, কোথায় ডিউটি করবেন তার বিস্তারিত আগে থেকে পাঠাতে হবে। প্রথম ধাপে কলকাতার**

নীলরতন সরকার মেডিকেল কলেজ, SSKM, ন্যাশনাল মেডিকেল কলেজ, কলকাতা মেডিকেল কলেজ এবং আরজিকর মেডিকেল কলেজ ও হাসপাতালে কর্মরত চিকিৎসকদের এই নিয়ম মেনে চলতে হবে বলে সুপার, অধ্যক্ষদের নির্দেশ দেওয়া হয়েছে। প্রতিমাসের ২৫ তারিখের মধ্যে স্বাস্থ্য দপ্তরের কাছে এই আগাম রোস্টার পাঠানোর কথা বলা হয়েছে। হাজিরার কারচুপি রুখতে সব ধরনের স্বাস্থ্যকর্মীদের বায়োমেট্রিক অ্যাটেনডেন্স আবশ্যিক করা হয়েছে। জরুরি বিভাগে বসানো ক্যামেরা স্বাস্থ্য ভবন থেকে মনিটরিং করা হবে। প্রতিটি হাসপাতালে জরুরী বিভাগে একজন মেডিকেল অফিসার ও সিনিয়র রেসিডেন্ট চিকিৎসকের পরিবর্তে একজন অতিরিক্ত সহকারী অধ্যাপক পদমর্যাদার চিকিৎসকের পাশাপাশি ২৪ ঘন্টার জন্যে একজন চিকিৎসক রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

*************************

রাজ্যে আরও একটি এইমস হবে বলে জানিয়েছেন বিজেপির রাজ্যসভার সাংসদ, দলের রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য। তিনি আজ কল্যাণী এইমসে আগুনে দগ্ধ রোগীর প্লাস্টিক সার্জারির জন্য অত্যাধুনিক সি ও টু লেজার ট্রিটমেন্ট ইউনিটের উদ্বোধন করেন। তিনি বলেন, কলকাতা লাগোয়া সরকারি হাসপাতালে এই প্রথম মেশিন স্থাপন হল। স্কিনের বিভিন্ন ক্ষত হয়ে যাওয়া স্থানে পুনর্গঠনের কাজে এই অত্যাধুনিক এই ধরনের লেজার ইউনিট প্রয়োজন।

(বাইট- শমীক)

*************************

বাঁকুড়ার বালিখাদ সহ একাধিক জায়গায় তোলাবাজি, দাদাগিরি ও প্রাণনাশের হুমকির অভিযোগে গ্রেফতার করা হয়েছে তৃণমূল কংগ্রেসের দুই নেতাকে। দীর্ঘদিন ধরেই এলাকায় সাধারণ মানুষ ও ব্যবসায়ীদের উপর চাপ সৃষ্টি করার অভিযোগ ছিল কোতুলপুরের মদনমোহনপুর অঞ্চলের উপপ্রধান তথা তৃণমূল নেতা শেখ জাকির আলী ওরফে লিটনের বিরুদ্ধে। সেই অভিযোগে তাঁকে গ্রেফতার করে কোতুলপুর থানার

পুলিশ। অন্যদিকে, তোলাবাজি ও প্রাণনাশের হুমকির অভিযোগে ইন্দাস পঞ্চায়েত সমিতির সভাপতি চন্দন রক্ষিতকেও গ্রেফতার করেছে ইন্দাস থানা।

**************************

পূর্ব মেদিনীপুরের তৃণমূল পরিচালিত ময়না পঞ্চায়েত সমিতির সভাপতির পদ থেকে পদত্যাগ করলেন শেখ শাহজাহান আলি। এর আগে ওই জেলার তৃণমূল পরিচালিত ভগবানপুর পঞ্চায়েত সমিতির সভাপতি পদ থেকে ইস্তফা দেন অরূপ সুন্দর পন্ডা।

উল্লেখ্য, বিধানসভা নির্বাচনে শোচনীয় পরাজয়ের পর তৃণমূল কংগ্রেস থেকে নির্বাচিত পূর্ব মেদিনীপুর জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও পৌরসভার জনপ্রতিনিধিদের একাংশ পদত্যাগ করতে শুরু করেছেন।

**************************

উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জের বিষপুর পঞ্চায়েতের বাইলানি বাজারে নিমাই দাস নামে এক বিজেপি কর্মীর দোকানে আগুন ধরানোর ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। ঘটনার প্রতিবাদে স্থানীয় পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের উপ প্রধান শহিদুল শেখ এর দোকান ভাঙচুর চালায় বিজেপি কর্মী সমর্থক ও বাজারের ব্যবসায়ীরা। সকাল থেকেই বাজার বন্ধের ডাক দিয়ে বিক্ষোভে সামিল হয় তারা। শহিদুলের মদতেই এই ঘটনা বলে স্থানীয়দের অভিযোগ। হাসনাবাদ থানার বিশাল পুলিশবাহিনী ও কেন্দ্রীয় বাহিনী ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

**************************

দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘিতে ঘূর্ণিঝড় বুলবুলের ত্রাণসামগ্রী বিলি না করে পুরনো একটি গোডাউনে লুকিয়ে রাখার অভিযোগকে কেন্দ্র করে তীব্র বিক্ষোভের সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, সরকারি ত্রাণসামগ্রী দীর্ঘদিন ধরে গোপনে ওই গোডাউনে মজুত রাখা হয়েছিল এবং সেখান থেকে তা পাচার করা হত। বিষয়টি সামনে আসতেই ক্ষুব্ধ এলাকাবাসী গোডাউনের সামনে বিক্ষোভে সামিল হন। পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠলে ঘটনাস্থলে পৌঁছান বিডিও ও থানার আইসি। তাঁদের ঘিরেও বিক্ষোভ দেখান বাসিন্দারা এবং ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবি তোলেন। পরে ঘটনাস্থলে যান বিজেপি প্রার্থী পলাশ রানা। তিনি অভিযোগের নিরপেক্ষ তদন্ত ও দোষীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপের দাবি

জানান। উত্তেজনা ছড়ানোয় পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আপাতত গোডাউনটি বন্ধ করে দেওয়া হয়েছে।

************************

পূর্ব মেদিনীপুরের পটাশপুর থেকে দুটি বেআইনি আগ্নেয়াস্ত্র উদ্ধার করেছে পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে গতকাল গভীর রাতে বারোভাগিয়া ও ক্ষেত্রপাল গ্রামে অভিযান চালায় পুলিশ। বেআইনি আগ্নেয়াস্ত্র রাখার অভিযোগে দুই ব্যক্তিকে আটক করা হয়েছে। আগামী দিনে এমন আরো অভিযান চলবে বলে জেলা পুলিশের তরফে জানানো হয়েছে।

************************

ইডেনে আজ IPL ক্রিকেটের ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১২ ম্যাচে ১১ পয়েন্ট সংগ্রহ করে কেকেআর লিগ তালিকায় অষ্টম স্থানে রয়েছে। প্লে অফে যাওয়া নিশ্চিত করতে হলে কলকাতাকে বাকি দুটো ম্যাচ জিততে হবেই, পাশাপাশি তাকিয়ে থাকতে হবে অন্য ম্যাচের ফলাফলের উপর।

অপরদিকে, ১২ ম্যাচে ৮ পয়েন্ট সংগ্রহ করে মুম্বই ইন্ডিয়ান্স নবম স্থানে রয়েছে। প্লে অফের দৌড় থেকে ইতিমধ্যেই ছিটকে গেছে তারা।

************************

উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হলেও দক্ষিণবঙ্গের মানুষ অস্বস্তিকর ঘর্মাক্ত গরমে হাঁসফাঁস করছে। দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু প্রবেশের আগে রাজ্যে জলীয়বাষ্পের পরিমাণ বেশি থাকার কারণে এই ঘর্মাক্ত আবহাওয়া। বিক্ষিপ্তভাবে দু'এক জায়গায় বৃষ্টি হওয়ার সম্ভাবনা থাকলেও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

************************************************************